# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১১৪৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৮. তৃতীয় অনুচ্ছেদ - মুক্তাদীর ওপর ইমামের যা অনুসরণ করা কর্তব্য এবং মাসবূকের হুকুম

### আরবী

وَعنهُ قَالَ: الَّذِي يَرْفَعُ رَأْسَهُ وَيَخْفِضُهُ قَبْلَ الْإِمَامِ فَإِنَّمَا ناصيته بيد الشَّيْطَان . رَوَاهُ مَالك

### বাংলা

১১৪৯-[১৪] আবূ হুরায়রাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, যে লোক (রুকূ’ ও সাজদায়) ইমামের পূর্বে নিজের মাথা উঠিয়ে ফেলে অথবা ঝুঁকিয়ে ফেলে তবে মনে করতে হবে তার কপাল শায়ত্বনের (শয়তানের) হাতে। (মালিক)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : মালিক ৩০৬; কারণ এর সানাদটি সমালোচিত।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (بيد الشَّيْطَان) এটা হাকীকাত তথা আসল অর্থ নেয়া যেতে পারে এবং মাজায তথা রূপক অর্থও হতে পারে।

অংশটুকুর অর্থ এমন হবে যে, ইমামের আগে রুকূ' থেকে মাথা উঠানো অথবা ইমামের আগেই সাজদায় চলে যাওয়া এটি তাড়াতাড়ি করতে গিয়ে শায়ত্বনের (শয়তানের) অনুসরণের নামান্তর। কারণ শায়ত্বন (শয়তান) সর্বদা তাড়াতাড়ি করে থাকে।

আল্লামা রাজী (রহঃ) বলেন, যারা এ ধরনের কাজের সাথে জড়িত, হাদীসটিতে তাদের ধমক দেয়া হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55709

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন